



**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 25 Apr. 26**

**TIME: 7:35 AM**

নির্বাচন কমিশন আগামী চৌঠা মে অনুষ্ঠেয় রাজ্য বিধানসভা নির্বাচনের ভোটগণনার জন্য আজ গৌহাটিতে প্রথমবারের মত রাজ্য পর্যায়ে একটি কর্মশালায় আয়োজন করেছে। এই কর্মশালায় রাজ্যের প্রত্যেক জেলার আয়ুক্ত, প্রত্যেক বিধানসভা আসনের জন্য নিয়োজিত রিটার্নিং অফিসার এবং জেলা নির্বাচনী আধিকারিকরা উপস্থিত থাকবেন। পরবর্তী পর্যায়ে আগামী সোমবার এপ্রিল থেকে প্রত্যেক জেলায় ভোটগণনা আধিকারীদের প্রশিক্ষণ প্রদান করা হবে। ভোট গণনার সময় প্রত্যেকটি গণনা টেবিলে ন্যূনতম ৩ জন করে গণনা আধিকারিক উপস্থিত থাকবেন, প্রতিটি গণনা টেবিলে ১ জন করে মাইক্রো অবজারভারও উপস্থিত থাকবেন। ই ভি এম ভোট গণনা কক্ষ ছাড়াও পৃথকভাবে একটি পোষ্টাল ব্যালট গণনা কক্ষও থাকবে। পোষ্টাল ব্যালট কক্ষে মোট ৬টি করে গণনা টেবিল রাখা হবে। এর জন্য সংশ্লিষ্ট গণনা আধিকারিকদের জেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

এদিকে আগামী চৌঠা মে অনুষ্ঠেয় কাছাড় জেলার ৭টি বিধানসভা আসনের ভোট গণনা প্রক্রিয়া অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে পূর্ণ প্রস্তুতি অব্যাহত রয়েছে। এই উপলক্ষে কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ের পুরাতন সম্মেলন কক্ষে একাধিক নিবিড়

প্রশিক্ষণ ও ব্রিফিং সেশনের আয়োজন করা হয়। ট্যাবুলেটর, ট্রানজিট অফিসার প্রমুখ সংশ্লিষ্ট আধিকারিকদের ই ভি এম এবং ভি ভি প্যাট ইউনিট পরিচালনার ক্ষেত্রে তাদের আরো বেশী দক্ষতা বৃদ্ধি করার উদ্দেশ্যেই এই প্রশিক্ষণ কার্যসূচির আয়োজন করা হয়েছিল। এই প্রশিক্ষণে প্রক্রিয়াগত স্বচ্ছতা নিশ্চিত করা, নির্ধারিত নির্বাচন বিধি কঠোরভাবে অনুসরণ করা এবং কার্যকর সমন্বয়ের ওপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা হয়। এছাড়াও একটি বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে ই ভি এম এবং ভি ভি প্যাট সিলিং কাজের সঙ্গে যুক্ত কর্মচারী, ট্যাবুলেটর এবং ট্রানজিট অফিসারদের হাতে কলমে নির্দেশনা প্রদান করা হয়।

এদিকে শ্রীভূমি জেলার ৪টি বিধানসভা আসনের ভোটগণনা আগামী চৌঠা মে করিমগঞ্জ কলেজে অনুষ্ঠিত হবে। গণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে জেলা প্রশাসন ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে। এই উপলক্ষে গতকাল শ্রীভূমি জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে মাইক্রো অবজারভারদের একটি প্রশিক্ষণ কার্যসূচি অনুষ্ঠিত হয়। অন্যদিকে করিমগঞ্জ রবীন্দ্র সদন কলেজে কাউন্টিং সুপারভাইজার এবং কাউন্টিং এসিস্টেন্টদের জন্য আরো একটি পৃথক প্রশিক্ষণের আয়োজন করা হয়। শ্রীভূমি জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে আগামী চৌঠা মে অনুষ্ঠেয় ভোট গণনা প্রক্রিয়া যাতে নিরপেক্ষ, স্বচ্ছ, অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করা যায় সেই উদ্দেশ্যে সংশ্লিষ্ট আধিকারিক - কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা এবং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

প্রবীণ কংগ্রেস নেতা পবন খেড়ার গৌহাটী হাইকোর্টে দাখিল করা অগ্রিম জামিনের আবেদন গতকাল আদালত নাকচ করেছে। হাইকোর্টের বিচারপতি পার্থিবজ্যোতি শইকিয়ার বিচাপীঠ কংগ্রেস নেতাকে অগ্রিম জামিন প্রদান করতে অস্বীকার করে। উল্লেখ্য গত ২১ শে এপ্রিল অনুষ্ঠিত শুনানিতে পবন খেড়ার পক্ষে প্রবীণ আইনজীবী অভিষেক মনু সিংহি এবং কমলনয়ন চৌধুরী যুক্তি তুলে

ধরেছিলেন । এর বিপরীতে আসাম সরকারের মহাধিবক্তা দেবজিৎ শইকিয়া পবন খেড়ার অগ্রিম জামিনের বিরোধিতা করে যুক্তি প্রদর্শন করেন । আদালত সব যুক্তি শোনার পর পবন খেড়ার অগ্রিম জামিনের রায় স্থগিত রেখেছিল ।

এদিকে জামিনের আবেদন নাকচ হওয়ার পর মহাধিবক্তা শ্রী শইকিয়া এক সাংবাদিক সম্মেলনে জানান যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মার স্ত্রী রিগিকি ভূইয়া শর্মার তিনটি পাসপোর্ট এবং বিদেশে সম্পত্তি থাকার যেসব নথিপত্র পবন খেড়া দেখিয়েছিলেন সেগুলি সম্পূর্ণ ভূয়োঁ ।

---

নগাঁও জেলা দায়রা জজের আদালত আজ অভি - নীল হত্যাকাণ্ডে দোষী সাব্যস্ত ২০ জন অভিযুক্তকে যাবজ্জীবন কারাদণ্ডের শাস্তি প্রদান করা সহ প্রত্যেককে ২০ হাজার টাকা করে জরিমানা করেছে । ২০১৮ সালের ৮ জুন কার্বি-আংলং জেলার ডকমকায় শিশু অপহরণকারী সন্দেহে নীলোৎপল দাস ও অভিজিৎ নাথ নামের দুজন যুবককে নৃশংসভাবে হত্যা করার পর সাত বছরেরও বেশী সময় ধরে চলা বিচার প্রক্রিয়ার পর আদালত গত ২০ এপ্রিল এই মামলার রায় দান করে ২০ জনকে দোষী সাব্যস্ত করেছিল এবং ২৫ জন অভিযুক্তকে দোষমুক্ত বলে ঘোষণা করেছিল । এই হত্যাকাণ্ডের সঙ্গে মোট ৪৮ জন অভিযুক্তের নাম জড়িত ছিল তবে তিন জনকে আদালত অপপ্রাপ্তবয়স্ক বলে ঘোষণা করে । এরপর ৪৫ জন অভিযুক্তের বিরুদ্ধে নগাঁও জেলা দায়রা জজের আদালতে মামলা চলে । এই মামলার শুনানী প্রক্রিয়ায় ৭১ জনলোকের সাক্ষ্য গ্রহণ করা হয়েছিল ।

---

পাশ্চাতীয়া ৰাজ্য মণিপুৰে গৌষ্ঠী সংঘৰ্ষ অব্যাহত রয়েছে । ৰাজ্যৰ উখৰুল জেলায় গতকাল দুটি গৌষ্ঠীৰ মধ্য সংঘটিত সংঘৰ্ষে তিনজনলোকৰ মৃত্যু হয়েছে । পুলিছ সূত্ৰৰ তথ্য অনুযায়ী জেলাৰ সিনাকেথেল ও মুল্লম গ্ৰামে গতকাল দুই গৌষ্ঠীৰ মধ্য সংঘৰ্ষৰ সূত্ৰপাত হয় । উভয় পক্ষৰ চালানো নিৰ্বচাৰ গুলীচালনায় তিনজন লোকৰ মৃত্যু হওয়া সহ বেশকয়েকজন আহত হন । এই ঘটনাৰ পৰাই অঞ্চলটিতে অতিরিক্ত নিৰাপত্তা ৰক্ষীৰ দল প্ৰেৰণ কৰা হয়েছে । বৰ্তমানে অঞ্চলটিৰ পৰিস্থিতি নিয়ন্ত্ৰণে রয়েছে বলে পুলিছ জানিয়েছে ।

---

---